# জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি
# National Adults in Scouting Policy

ADULTS IN SCOUTING

বাংলাদেশ স্কাউটস
BANGLADESH SCOUTS

# সূচিপত্র

১. পটভূমি ০৭
১.১ স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের ভূমিকা ঃ একটি পর্যালোচনা ০৭

**২. নীতিমালার মৌলিক বিষয়সমূহ**
২.১ এডাল্ট লিডার সংগ্রহ ০৮
২.২ এডাল্ট লিডারদের চাহিদা নিরূপন ০৮
২.৩ এডাল্ট লিডার নিয়োগের যোগ্যতা ০৮
২.৪ এডাল্ট লিডারদের দায়িত্ব ও কর্তব্য ০৯
২.৫ এডাল্ট লিডার নিয়োগ ০৯

**৩. এডাল্ট লিডারদের প্রশিক্ষণ, সহায়তা ও ব্যক্তিগত গুণাবলীর উন্নয়ন**
৩.১ নতুন নেতা সম্পৃক্তকরণ ১০
৩.২ এডাল্ট লিডারদের প্রশিক্ষণ ব্যবস্থাপনা ১০
৩.৩ সাহায্য-সহযোগিতা ১১

**৪. এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনা**
৪.১ এডাল্ট লিডারদের কাজের মূল্যয়ন ১২

**৫. এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনা কাঠামো**
৫.১ জাতীয় এডাল্টস ইন স্কাউটিং কমিটি ১৩
৫.২ জাতীয় প্রশাসনিক উন্নয়ন কমিটি ১৩
৫.৩ জাতীয় প্রশিক্ষণ কমিটি ১৩

**৬. সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন** ১৪

# বাংলাদেশ স্কাউটস
## জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি

### ১. পটভূমি ঃ

যেহেতু বাংলাদেশ স্কাউটস প্রাতিষ্ঠানিক অঙ্গনে সীমাবদ্ধ স্কাউট আন্দোলনকে আরও সম্প্রসারিত, বেগবান ও বৃহত্তর সামাজিক সম্পৃক্তির মাধ্যমে লোকজ চারিত্রিকতাদানের উদ্যোগ গ্রহণ করতে চায়,

যেহেতু স্কাউট আন্দোলনের মূলনীতি অনুসারে বাংলাদেশ স্কাউটস সমাজের সর্বস্তরের বিদ্যমান বয়স্ক জনবলকে স্কাউট আন্দোলনে অন্তর্ভুক্ত করে এর ব্যবস্থাপনাগত উৎকর্ষ সাধন করতে চায়, এবং

যেহেতু বাংলাদেশ স্কাউটস আন্দোলনের সাথে সঙ্গতিপূর্ণভাবে এ লক্ষ্যে কাজ করতে চায়, সেহেতু বাংলাদেশ স্কাউটস এই জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি প্রণয়ন ও গ্রহণ করল ।

### ১.১ স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের ভূমিকা ঃ একটি পর্যালোচনা

স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের মানব সম্পদ ব্যবস্থাপনায় অংশগ্রহণ একটি বিধিবদ্ধ কর্মসূচি । এতে স্কাউট আন্দোলনের প্রাণ যুব সম্প্রদায়ের জন্য যথোপযুক্ত কর্মসূচি প্রণয়নে এবং অধিক দক্ষ ব্যবস্থাধীন সংগঠন পরিচালনার লক্ষ্যে সক্রিয়, প্রতিশ্রুতিশীল এবং অনুপ্রাণিত নেতৃত্ব গঠনের সুযোগ সৃষ্টি করা যায় । স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের অংশগ্রহণের মধ্যে রয়েছে এই আন্দোলনে এডাল্ট লিডারদের আকৃষ্টকরণসহ পৃষ্ঠপোষকতা ও উন্নতিবিধানের সার্বিক প্রক্রিয়াটি । এই প্রক্রিয়ার লক্ষ্য হলো যুব সম্প্রদায়ের সহায়তার জন্য যোগ্য নেতৃত্ব গড়ে তোলা ।

স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের অংশগ্রহণে জ্ঞান ও দক্ষতা অর্জন, প্রয়োগ, দৃষ্টিভঙ্গীর পরিবর্তন এবং ভবিষ্যৎ উন্নয়নের দিকটি তুলে ধরা হয় । এই জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গী সংগঠনের লক্ষ্য অর্জনে সহায়ক হয় । তাছাড়া স্কাউট আন্দোলনে এডাল্ট লিডারদের অংশগ্রহণে আন্দোলনের সকল অবস্থায় বয়স্ক সমাজের ব্যক্তিকেন্দ্রিক বিকাশ ও উন্নতির সুযোগ পাওয়া যায় ।

**২. নীতিমালার মৌলিক বিষয়সমূহ ঃ**

**২.১ এডাল্ট লিডার সংগ্রহ ঃ** স্কাউট আন্দোলন প্রবহমান ও নিয়ত পরিবর্তনশীল। আন্দোলনের লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে পরিকল্পনামাফিক কর্মসূচি বাস্তবায়নের জন্য এডাল্ট লিডারদের ভূমিকা অপরিসীম।

স্কাউট কর্মকান্ড বাস্তবায়নে দু'ধরনের এডাল্ট লিডারদের প্রয়োজনীয়তা অনুভূত হয়- স্বেচ্ছাসেবী এডাল্ট লিডার ও সার্বক্ষণিক বেতনভুক্ত কর্মকর্তা ও কর্মচারী।

বাংলাদেশ স্কাউটস-এর কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের সাথে প্রোগ্রাম বাস্তবায়নের জন্য উল্লেখযোগ্য সংখ্যক এডাল্ট লিডার রয়েছেন। পরিবর্তিত প্রয়োজন ও চাহিদার নিরিখে উপযুক্ত এডাল্ট লিডার সংগ্রহ একটি সক্রিয় প্রক্রিয়া হিসেবে বিবেচিত হবে। যুব বয়সী এডাল্ট লিডারদের অন্তর্ভুক্তি এই প্রক্রিয়ায় গুরুত্বের সাথে বিবেচনা করে জাতীয় সদর দফতর এই লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

**২.২ এডাল্ট লিডারদের চাহিদা নিরূপন ঃ**

জাতীয় সদর দফতর থেকে শুরু করে অঞ্চল, জেলা, উপজেলা ও গ্রুপ পর্যন্ত প্রোগ্রাম বাস্তবায়ন, প্রশিক্ষণ পরিচালনা, প্রশাসনিক কাজকর্ম তদারকি, গণসংযোগ স্থাপন তথা স্কাউটিং এর সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিশ্লেষণ ভিত্তিক চাহিদা নিরূপনের আলোকে উপযুক্ত পদ সৃষ্টি করা হবে। স্বেচ্ছাসেবী এডাল্ট লিডার হোক আর সার্বক্ষণিক কর্মরত এডাল্ট লিডার হোক, প্রত্যেক পদের অধিকারী এডাল্ট লিডারদের দায়িত্ব সম্পর্কে বিস্তারিত ও সুনির্দিষ্ট বিবরণ থাকবে। তাদের জীবনবৃত্তান্তসহ প্রয়োজনীয় তথ্যাদি সাংগঠনিক স্তরের নিয়োগকারী কর্তৃপক্ষের কাছে সংরক্ষিত থাকবে।

**২.৩ এডাল্ট লিডার নিয়োগের যোগ্যতা ঃ**

বাংলাদেশ স্কাউটস নির্দিষ্ট কাজের জন্য সৃষ্ট পদে কাজ করার যোগ্যতা সম্পন্ন এডাল্ট লিডার নিয়োগ করবে। এডাল্ট লিডার নিয়োগের ক্ষেত্রে তার কাজ ও যোগ্যতার বিবরণ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে।

## ২.৪ এডাল্ট লিডারদের দায়িত্ব ও কর্তব্য ঃ

বাংলাদেশ স্কাউটস-এর জাতীয়, অঞ্চল, জেলা, উপজেলা ও গ্রুপ পর্যায় পর্যন্ত নির্বাচিত/মনোনীত প্রত্যেকটি পদে এডাল্ট লিডার নিয়োগের ক্ষেত্রে তার দায়িত্ব, কর্তব্য, মেয়াদ, আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা, প্রয়োজনীয় উপকরণ এবং নৈতিক সাহায্য সহযোগিতা ইত্যাদি বিষয়গুলো বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং অন্যান্য বিধি-বিধান অনুযায়ী নিয়ন্ত্রিত হবে ।

## ২.৫ এডাল্ট লিডার নিয়োগ ঃ

সকল এডাল্ট লিডার নির্বাচন/নিয়োগ/মনোনয়ন/নবায়ন বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" মোতাবেক সম্পাদিত হবে । সার্বক্ষণিক কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই নীতির আলোকে প্রণীত "চাকুরীবিধি" অনুসরন করা হবে ।

এই এডাল্টস ইন স্কাউটিং নীতি নিম্নলিখিত সাধারণ নীতির ভিত্তিতে কার্যকর হবে ঃ

(ক) বাংলাদেশ স্কাউটস এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সকল কাজের জন্য প্রয়োজন অনুযায়ী উপযুক্ত এডাল্ট লিডার পারস্পরিক সম্মতির ভিত্তিতে নিয়োগ করবে ।

(খ) বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং অন্যান্য বিধি-বিধান অনুযায়ী এডাল্ট লিডার তার দায়িত্ব ও কর্তব্য সম্পাদন করবেন ।

(গ) প্রত্যেকটি নির্বাচন/নিয়োগ/মনোনয়ন/নবায়ন হবে সুনির্দিষ্ট মেয়াদের জন্য ।

(ঘ) এডাল্ট লিডারদের নির্বাচন/নিয়োগ/মনোনয়ন/নবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা অনুসরণ করা হবে ।

(ঙ) সকল এডাল্ট লিডার "বাংলাদেশ স্কাউটস এর এডাল্ট লিডারদের আচরণ বিধি" মেনে চলবেন এবং জবাবদিহিতা নিশ্চিত করবেন ।

## ৩.০ এডাল্ট লিডারদের প্রশিক্ষণ, সহায়তা ও ব্যক্তিগত গুণাবলীর উন্নয়ন ঃ

এডাল্ট লিডারদের প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে স্কাউট আন্দোলনে তাদের সর্বোত্তম অবদান নিশ্চিত করা। এই প্রশিক্ষণ একটি ধারাবাহিক প্রক্রিয়া। বাংলাদেশ স্কাউটস এর সর্বস্তরের এডাল্ট লিডারদের প্রশিক্ষণ ও ব্যক্তিগত গুণাবলীর উন্নয়ন কর্মসূচীর আওতায় নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে ঃ

(ক) নবনিযুক্ত এডাল্ট লিডারদের সম্পৃক্তকরণ, মৌলিক প্রশিক্ষণ, ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ এবং চুক্তিবদ্ধ সময়সীমার মধ্যে সার্বিক সাহায্য ও সহযোগিতা দান।

(খ) এডাল্ট লিডার সংগ্রহ এবং তাদের দায়িত্ব-কর্তব্য পালনের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিসহ ব্যক্তিগত গুণাবলীর বিকাশ ঘটানো।

(গ) এডাল্ট লিডারদের অভিজ্ঞতা ও দক্ষতার সঠিক মূল্যায়ন ও স্বীকৃতি দান।

ঘ) এক দায়িত্ব থেকে অন্য দায়িত্ব অর্পণের ক্ষেত্রে এডাল্ট লিডারদের নতুন দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় ও যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদান।

### ৩.১ নতুন নেতা সম্পৃক্তকরণ ঃ

বাংলাদেশ স্কাউটস-এর নিয়োগকৃত সকল এডাল্ট লিডারদের জন্য একটি সমন্বিত প্রশিক্ষণ কাল থাকবে। এই প্রশিক্ষণের মুখ্য উদ্দেশ্য হচ্ছে তাদের ওপর অর্পিত দায়িত্ব পালনের জন্য যে জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির প্রয়োজন– তার সুযোগ নিশ্চিত করা। এই প্রশিক্ষণ কর্মসূচি প্রশিক্ষণ চাহিদার নিরিখে প্রণীত এবং দায়িত্ব পালনে সহায়ক হবে। এডাল্ট লিডারদের এই প্রশিক্ষণ কর্মসূচি ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে।

### ৩.২ এডাল্ট লিডার প্রশিক্ষণ ব্যবস্থাপনা ঃ

বাংলাদেশ স্কাউটস এর সকল ধরনের এডাল্ট লিডার প্রশিক্ষণের আওতাধীন। জাতীয় সদর দফতর এই লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করবে। প্রশিক্ষণ বিভাগ সকল ধরনের প্রশিক্ষণের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে। প্রশিক্ষণের ক্ষেত্রে যথাসম্ভব বিকেন্দ্রীকরণ নীতি অনুসৃত হবে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীর পূর্বলব্ধ অভিজ্ঞতাকে গুরুত্ব দেয়া হবে।

**এডাল্ট লিডার প্রশিক্ষণ ব্যবস্থাপনায় নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে ঃ**

(ক) বিভিন্ন পর্যায়ে এডাল্ট লিডারদের উপযোগী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি পূর্ণাঙ্গ "প্রশিক্ষণ ম্যানুয়েল" থাকবে যা জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

(খ) এই প্রশিক্ষণ ম্যানুয়েল সময় সময় পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করা হবে যা জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে।

(গ) প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সংগঠন, পরিচালনা ও তদারকির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

(ঘ) প্রশিক্ষণ বিষয়ক সকল প্রকার রেকর্ডপত্র সংরক্ষণ ও প্রয়োজনীয় সনদ প্রদান ও নবায়নের ব্যবস্থা করা হবে।

(ঙ) প্রশিক্ষণ বিভাগের কার্যক্রম বাস্তবায়নের জন্য বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) এর নেতৃত্বে জাতীয় পর্যায়ে প্রশিক্ষণ কমিটি থাকবে। অঞ্চল পর্যায়ে আঞ্চলিক উপ কমিশনার (প্রশিক্ষণ) এর নেতৃত্বে আঞ্চলিক প্রশিক্ষণ কমিটি থাকবে।

### ৩.৩ সাহায্য-সহযোগিতা ঃ

সংশ্লিষ্ট এডাল্ট লিডারদের দায়-দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য দায়িত্ব প্রদানকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করবেন। বাংলাদেশ স্কাউটস আন্দোলনে অধিকতর ও মানসম্পন্ন সেবা প্রদানের স্বার্থে বয়স্ক নেতার ব্যক্তিগত দক্ষতার উন্নয়নের জন্য "সহায়তা প্রদান প্রক্রিয়া (Support Service System)" গড়ে তুলবে।

### ৪.০ এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনা ঃ

বাংলাদেশ স্কাউটস-এর সর্বস্তরের এডাল্ট লিডারদের ব্যবস্থাপনার জন্য একটি নেটওয়ার্ক থাকবে। এই নেটওয়ার্ক সাংগঠনিক স্তরের বিভিন্ন বিভাগের সমন্বয়ে গঠিত হবে।

### ৪.১ এডাল্ট লিডারদের কাজের মূল্যায়ন ঃ

বাংলাদেশ স্কাউটস একটি "মূল্যায়ন পদ্ধতি (Appraisal System)" এর আলোকে এডাল্ট লিডারদের কাজের যথাযথ মূল্যায়ন ও স্বীকৃতি প্রদান করবে। এরূপ মুল্যায়ন অর্পিত দায়িত্ব বাস্তবায়নের ভিত্তিতে করা হবে। এডাল্ট লিডারদের কাজের মুল্যায়ন ও যথাযথ স্বীকৃতি প্রদানে সহায়তার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি ডাটাবেসে সংরক্ষণ করা হবে।

**মূল্যায়নের ভিত্তিতে নিম্নলিখিত পদক্ষেপ বিবেচনা করা হবে ঃ**

(ক) একই পদে পুনঃনিয়োগ ঃ কার্যকর ভূমিকা পালনে সক্ষম এডাল্ট লিডারদের উপযুক্ত পদে পুনঃনিয়োগ করা যাবে। এই পুনঃনিয়োগ নির্ভর করবে তার সম্পাদিত কাজের মূল্যায়ন ও তার সম্মতির ওপর।

(খ) অন্য কোন পদে নিয়োগ ঃ কার্যকর ভূমিকা পালনে সক্ষম এডাল্ট লিডারদের পারস্পরিক সম্মতির ভিত্তিতে উপযুক্ত অন্য কোন পদে নিয়োগ করা যাবে।

(গ) অবসর গ্রহণ/প্রদান ঃ এডাল্ট লিডারগণ স্বেচ্ছায় তার পদ থেকে অবসর গ্রহণ করতে পারবেন। এডাল্ট লিডার হিসেবে কার্যকর ভূমিকা পালনে অক্ষম বিবেচিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে অবসর প্রদান করতে পারেন।

### ৫. এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনা কাঠামো ঃ

বাংলাদেশ স্কাউটস-এর এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনার জন্য জাতীয় পর্যায় থেকে সর্বনিম্ন ইউনিট পর্যায় পর্যন্ত একটি সুনির্দিষ্ট কাঠামো থাকবে। এই কাঠামোর মধ্যে মৌলিক তিনটি বিষয় বিবেচিত হবে ঃ

(ক) এডাল্ট লিডার নির্বাচন/নিয়োগ/মনোনয়ন

(খ) এডাল্ট লিডারদের প্রশিক্ষণ ও উন্নয়ন

(গ) এডাল্ট লিডার ব্যবস্থাপনা

স্কাউট আন্দোলনের মিশন সামনে রেখে বাংলাদেশ স্কাউটস-এর রূপকল্প (vision) বাস্তবায়নে সকল পর্যায়ে এই তিনটি বিষয়ের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয় নিশ্চিত করতে হবে।

স্কাউট আন্দোলনের লক্ষ্য অর্জনে বাংলাদেশ স্কাউটস-এর এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনার প্রকৃতি বিবেচনা করে এডাল্টস ইন স্কাউটিং ব্যবস্থাপনা কাঠামো নিম্নরূপ হবে ঃ

### ৫.১ জাতীয় এডাল্টস ইন স্কাউটিং কমিটি ঃ

এই কমিটি জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক নিযুক্ত হবে এবং কাজের জন্য নির্বাহী কমিটির নিকট দায়ী থাকবে। এই কমিটি এডাল্ট লিডার সংগ্রহ, প্রশিক্ষণ, সহায়তা, ব্যক্তিগত উন্নয়ন ও ব্যবস্থাপনার বিষয়ে নির্বাহী কমিটিকে পরামর্শ প্রদান করবে। কাজের সুবিধার্থে এই কমিটি প্রয়োজনীয় সংখ্যক টাস্ক ফোর্স গঠন করতে পারবে। অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে অনুরূপ এডাল্ট লিডার ব্যবস্থাপনা কমিটি গঠন করা যাবে।

### ৫.২ জাতীয় প্রশাসনিক উন্নয়ন কমিটি ঃ

এই কমিটি জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক নিযুক্ত হবে এবং কাজের জন্য নির্বাহী কমিটির নিকট দায়ী থাকবে। এই কমিটি বাংলাদেশ স্কাউটস এর এডাল্টস ইন স্কাউটিং নীতির আলোকে সার্বক্ষণিক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, প্রশিক্ষণ, ব্যক্তিগত উন্নয়ন, মূল্যায়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নির্বাহী কমিটিকে পরামর্শ প্রদান করবে।

### ৫.৩ জাতীয় প্রশিক্ষণ কমিটি ঃ

এই কমিটি প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক নিযুক্ত হবে এবং কাজের জন্য নির্বাহী কমিটির নিকট দায়ী থাকবে। এই কমিটি সকল এডাল্ট লিডারদের প্রশিক্ষণ ও ব্যক্তিগত উন্নয়নের ব্যবস্থা করবে এবং প্রশিক্ষণোত্তর সহযোগিতা প্রদান করবে। এই কমিটি চাহিদামাফিক ও কার্যকর প্রশিক্ষণ বাস্তবায়নের স্বার্থে সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সমন্বয় সাধন করবে।

### ৬.০ সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন ঃ

বাংলাদেশ স্কাউটস জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি সময় সময় পর্যালোচনা করবে এবং প্রয়োজনে সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করতে পারবে যা জাতীয় কাউন্সিল কর্তৃক অনুমোদিত হতে হবে।

# বাংলাদেশ স্কাউটসের এডাল্ট লিডারদের আচরণবিধি

বাংলাদেশ স্কাউটসের বয়স্ক নেতাদের আচরণবিধি বাংলাদেশ স্কাউটসের সকল বয়স্ক নেতার আচরণ নিয়ন্ত্রণ করে এবং প্রত্যাশা করে যে তাঁরা কর্তব্যের প্রতি যত্নবান হবেন আর আন্দোলনের মূল নৈতিক ভিত্তি স্কাউট প্রতিজ্ঞা ও আইন অনুযায়ী কাজ করবেন। সেবাদানের সর্বোত্তম চর্চাই বাংলাদেশ স্কাউটসের সকল কার্যাবলীর ভিত্তি। এই বিধি এরূপ কার্য সম্পাদনের উপায় হিসেবে গণ্য হবে।

**বাংলাদেশ স্কাউটসের এডাল্ট লিডারগণ আবশ্যিকভাবে ঃ**

১. স্কাউট প্রতিজ্ঞা, আইন, গঠন ও নিয়ম মেনে চলবেন এবং সমুন্নত রাখবেন।

২. স্কাউট নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন কোনো নিজস্ব বিশ্বাস, আচরণ বা রীতি প্রতিষ্ঠার উদ্দেশ্যে কিংবা ব্যক্তিগত লাভের অভিপ্রায়ে আন্দোলনকে ব্যবহার করবেন না।

৩. ব্যক্তিগত বিষয়ের গোপনীয়তা রক্ষা করাসহ নিজেদের ও অন্যদের অধিকার ও মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল থাকবেন।

৪. সকল সেবামূলক কাজে জাতি, ধর্ম, লিঙ্গ, জাতীয়তা, স্বতন্ত্র বৈশিষ্ট্য ইত্যাদির উর্ধ্বে থেকে মানবিক অপরিহার্যতাকে সমুন্নত করবেন।

৫. আন্দোলনের ভেতরে ও বাইরে উভয়ক্ষেত্রেই সকল ব্যক্তির সাথে সম্পর্কের ক্ষেত্রে সদিচ্ছা ও সুবিবেচনার পরিচয় প্রদান করবেন।

৬. আন্দোলনের নীতি কিংবা উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক কাজে. আন্দোলনকে ব্যবহার বা স্বীয় উদ্দেশ্য সাধনে কাউকে ব্যাধ্য করতে পারবেন না।

৭. শারীরিক বা মৌখিক নির্যাতন, যৌন হয়রানি, হুমকি প্রদান বা পীড়ন,

অবহেলা অথবা অন্য কোনো উপায়ে এ জাতীয় কাজ নীতিথেকে বিরত থাকতে "নিরাপত্তা " কঠোরভাবে অনুসরণ করবেন ।

৮. শিশু-কিশোর-যুবদের উপস্থিতিতে তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও অপব্যবহার থেকে বিরত থাকবেন ।

৯. বাংলাদেশ স্কাউটস এর আওতাভুক্ত এলাকায় মদ্য, মাদকদ্রব্য, জুয়া, আসক্তি জাগায় এমন রাসায়নিক দ্রব্য এবং নিষিদ্ধ এমন বিষয়াদি ব্যবহার ও প্রদর্শন করবেন না ।

১০. যে কোনো ধরনের তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কারো সাথে যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে স্কাউট নীতিসমূহ মেনে চলবেন ।

আচরন বিধির কোন বিষয় লঙ্ঘন করলে তা "এডাল্ট লিডার অসদাচরণ বিধির" আওতায় অসদাচরণ হিসেবে গণ্য করা হবে ।

আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে এই 'আচরণ বিধি' মেনে চলতে সম্মত আছি ।

নাম ঃ ..........................................................................

স্বাক্ষর ঃ ..........................................................................

তারিখ ঃ ..........................................................................

# Code of Conduct for the Adult Leaders of Bangladesh Scouts

The Code of Conduct for the Adult Leaders of Bangladesh Scouts regulates the conduct of all Adult Leaders of Bangladesh Scouts recognizing that at all times they are expected to exercise a "Duty of Care" and act in accordance with the Scout Promise and Law which are the core ethics of the Movement. Bangladesh Scouts is based its services on best practices and this Code serves as tool to implement these practices.

***Adult Leaders of Bangladesh Scouts shall:***

1. act and uphold the Scout Promise and Law, Organization and Rules.
2. not use the Movement to promote own beliefs, behavior or practices where these are not compatible with Scouting principles, or any other motives or intention in their activities for personal benefits.
3. respect the rights and the dignity of themselves and others including personal privacy and confidentiality.
4. uphold the humanitarian imperative in all services with no discrimination of race, creed, ethnic origin, gender, nationality and distinction of any kind and respect people of any religion and/or ethnic group.
5. act with good intension and judgment in all interpersonal relationships both inside and outside the Movement.
6. not use the Movement or exercise power to promote interests which are in conflict with scout principles and purpose of the movement.

7. strictly follow “Safe from Harm Policy” by not indulging in bullying, physical or verbal abuse, sexual harassment, neglect or any other type of abuse.
8. refrain from tobacco use and abuse in presence of young people.
9. not use alcohol, illegal drugs, other addictive chemical substances including gambling as such behaviour is forbidden in Bangladesh Scouts.
10. abide by the scout principles for connecting with anyone using any kind of communication technology.

Breach of any of the Code of Conduct shall be subjected in accordance with Adult Leaders Misconduct Rules.

On my honour I agree to abide by this Code of Conduct.

Name : ..............................................................

Signature : ..............................................................

Date : ..............................................................

পরিশিষ্ট -"গ"

# বয়স্ক নেতা সংগ্রহের পদ্ধতি

স্কাউট আন্দোলনের লক্ষ্য অর্জনে বাংলাদেশ স্কাউটস এর বয়স্ক নেতাদের সম্ভাব্য সর্বোচ্চ সেবাদান নিশ্চিত করার লক্ষ্যে নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য উপযুক্ত ব্যক্তিদের নিয়োগ করা প্রয়োজন। স্কাউট আন্দোলন নিয়ত গতিশীল এবং উদ্দেশ্য সাধনে মৌলিক বিষয়সমূহকে ঠিক রেখে এডাল্টস ইন স্কাউটিং নীতির আলোকে চাহিদা অনুযায়ী পরিবর্তিত কৌশল গ্রহণ করে থাকে। সে জন্য এডাল্ট লিডারদের পদ ও কার্যপরিধিও প্রয়োজনের প্রেক্ষিতে পরিবর্তনীয়। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে বাংলাদেশ স্কাউটস সকল ধরনের এডাল্ট লিডার সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ পদ্ধতি প্রণয়ন করল ঃ

১। **চাহিদা নিরুপনঃ** প্রোগ্রাম ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এডাল্ট লিডারদের সংখ্যা ও প্রকৃতি, শূন্য পদ, বিদ্যমান পদের যৌক্তিকতা এবং কার্যপরিধি ইত্যাদি বিষয়গুলির বাৎসরিক, ষান্মাসিক কিংবা প্রয়োজনবোধে তাৎক্ষণিক মূল্যায়নপূর্বক পদের সৃষ্টি, বিলুপ্তি বা সমন্বয়পূর্বক পদ/পদসমূহ নিরূপন করা।

২। **কার্যপরিধি নির্ধারণঃ** নির্দিষ্ট পদের জন্য সুস্পষ্ট ও পরিমাপযোগ্য কর্ম সম্পাদনের লক্ষ্যে কার্যপরিধি নির্ধারণ করা।

৩। **আদর্শ যোগ্যতাবলী প্রণয়নঃ** নির্দিষ্ট পদের কার্যপরিধি মোতাবেক উপযুক্ত এডাল্ট লিডারদের আদর্শ যোগ্যতাবলী প্রণয়ন করা।

৪। **নেতা সংগ্রহের কৌশল গ্রহণঃ** যখন যেটা প্রযোজ্য সেভাবে এডাল্ট লিডার সংগ্রহের কৌশলসমূহ যেমন সম্ভাব্য উপযুক্ত ব্যক্তিদের নিয়ে অবহিতকরণ ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি, অনানুষ্ঠানিক যোগাযোগ, বই-পুস্তকসহ অন্যান্য উপকরণ বিতরণ, বিজ্ঞপ্তি প্রকাশ, এডাল্ট লিডারদের ডাটাবেজ বিশ্লেষণ করা।

৫। **অনুসন্ধানঃ** কার্যপরিধি ও আদর্শ যোগ্যতাবলী অনুযায়ী উপযুক্ত এডাল্ট লিডার অনুসন্ধানপূর্বক তালিকাভুক্ত করা। এক্ষেত্রে তরুণ সম্ভাবনাময় বয়স্ক নেতৃত্বের বিষয়টি বিবেচনায় নেয়া। এ কাজের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ একটি ক্ষুদ্র টীমকে দায়িত্ব দিতে পারেন।

৬। **তালিকা চূড়ান্তকরণঃ** তালিকাভুক্ত উপযুক্ত এডাল্ট লিডারদের তুলনামূলক তথ্য যাচাইপূর্বক তাদের সাথে যোগাযোগের লক্ষ্যে অনুসন্ধান টীম কর্তৃক অগ্রাধিকার ভিত্তিক তালিকা চূড়ান্ত করা।

৭। **সাক্ষাৎকারঃ** সবচেয়ে উপযুক্ত এক বা একাধিক ব্যক্তির সাথে সাক্ষাতের ব্যবস্থা করে পদ, কার্যপরিধি ও ব্যক্তিকে নির্বাচনের কারণ, নিয়োগের মেয়াদকাল, মেয়াদ শেষে তার কাজে সংগঠনের প্রত্যাশা ইত্যাদি বিষয়গুলি অবহিতকরণ এবং স্বেচ্ছায় উক্ত পদে যোগদানের জন্য উদ্বুদ্ধ করা। কার্য সম্পাদনে সংগঠনের পক্ষ থেকে কি কি সহায়তা দেয়া হবে যেমন- আন্দোলনের সদস্য মর্যাদা, প্রশিক্ষণ ও ব্যক্তিগত উন্নয়নের সুযোগ, উপকরণ ও আর্থিক সহায়তা, কার্যের মূল্যায়ন ও স্বীকৃতি ইত্যাদি অবহিত করা।

৮। **আনুষ্ঠানিক আমন্ত্রণঃ** নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতা প্রদানকারী, নিয়োগকারী ব্যক্তি বা কমিটি কর্তৃক সুনির্দিষ্ট বিধিমালা মোতাবেক নিয়োগ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগ প্রদানের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ করে নিয়োগের মেয়াদ, শর্তাবলী ও মেয়াদ শেষে কর্মের মূল্যায়নের সম্ভাব্য ফলাফল সহ পারস্পরিক সমঝোতা চুক্তির ধারাসমূহ চূড়ান্ত করা।

৯। **চুক্তিপত্র স্বাক্ষরঃ** নিয়োগের জন্য চূড়ান্তকৃত ব্যক্তির সাথে নিয়োগকারীর সমঝোতা চুক্তি আনুষ্ঠানিকভাবে সম্পাদন করা। এই চুক্তিপত্রে দুই পক্ষের দায়িত্ব ও কর্তব্য সংক্রান্ত অঙ্গীকার, বাধ্যবাধকতা এবং দায়বদ্ধতা সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে।

১০। নির্দিষ্ট মেয়াদ উল্লেখপূর্বক নিয়োগকারী কর্তৃক নিয়োগপ্রাপ্তকে নিয়োগপত্র প্রদান করা।

১১। নির্বাচিত পদে এডাল্ট লিডার নিয়োগের ক্ষেত্রে গঠন ও নিয়ম মোতাবেক নিয়োগ বিধি অনুসরণ করতে হবে।

১২। সার্বক্ষণিক এডাল্ট লিডার নিয়োগের ক্ষেত্রে জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতির আলোকে প্রণীত নিয়োগ বিধিমালা অনুসরণ করতে হবে।

১৩। সকল ধরনের এডাল্ট লিডার দীক্ষা গ্রহণপূর্বক আন্দোলনে অন্তর্ভুক্তি বা নিয়োগের সময় "বাংলাদেশ স্কাউটস এর এডাল্ট লিডারদের আচরণ বিধি" মেনে চলার সম্মতিপত্রে স্বাক্ষরপূর্বক নিয়োগকারীর কাছে প্রদান করবেন।

(নমুনা কপি)

পরিশিষ্ট -"ঘ"

# বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা

## জেলা স্কাউট ভবন, ময়মনসিংহ

স্মারক নংঃ ----------------- তারিখ ঃ ৩০ জুলাই ২০১৬

## চুক্তিপত্র

আমি এ এস এম মোকাররম হোসেন সরকার এই মর্মে চুক্তিবদ্ধ হচ্ছি যে, বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলার জেলা স্কাউট লিডারের পদে নির্দিষ্ট কার্যপরিধি মোতাবেক ১(এক) বছরের জন্য দায়িত্ব পালনে গঠন ও নিয়ম, জাতীয় এডাল্টস ইন স্কাউটিং নীতি ও সেই মোতাবেক গৃহীত এডাল্ট লিডারদের আচরণ বিধি যথাযথভাবে মেনে চলবো। কর্মের মূল্যায়নে কার্যকর ভূমিকা পালনে সক্ষম হলে পুনঃনিয়োগ বা অন্যকোন পদে নিয়োগ বা স্বেচ্ছায় অবসর গ্রহণ প্রক্রিয়া যা প্রযোজ্য তা মেনে নেব।

দায়িত্বকালে বিশষভাবে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবো ঃ

১। জেলা স্কাউট সমাবেশ বাস্তবায়ন করা;

২। নিজ জেলায় ন্যূনতম ১টি স্কাউট লিডার বেসিক কোর্স আয়োজনে সহায়তা প্রদান;

৩। উপজেলা স্কাউট লিডার কর্তৃক স্কাউট দল পরিদর্শন পূর্বক আঞ্চলিক কর্তৃপক্ষকে প্রতিবেদন প্রদান করা;

৪। ১০ জন স্কাউটকে প্রেসিডেন্টস স্কাউট অ্যাওয়ার্ড প্রাপ্তিতে সহায়তা করা এবং উপজেলা স্কাউট লিডারগণকে প্রেসিডেন্টস স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী তৈরীতে সহায়তা করা;

৫। ২ জন ইউনিট লিডারকে উডব্যাজ প্রাপ্তিতে সহায়তা প্রদান;

৬। উপজেলা স্কাউট লিডারদের নিয়ে বছরে ন্যূনতম ৪টি সভা করা এবং তাদের কাজের মূল্যায়ন করা;

৭। উপজেলা ও জেলার প্রোগ্রাম ও প্রশিক্ষণ সংক্রান্ত বার্ষিক ক্যালেন্ডার নিশ্চিত করা;

৮। নিয়মিত উপজেলা পর্যায়ে সমাবেশ আয়োজনে উপজেলা স্কাউটসকে সহায়তা প্রদান করা;

৯। বেসিক কোর্স সম্পন্নকারীদের তথ্য সংরক্ষণ এবং তাদের উদ্বুদ্ধকরণপূর্বক ইউনিট গঠন ও ইউনিট পরিচালনায় সহায়তা প্রদান করা।

আমি মোকাররম হোসেন সরকার এই মর্মে চুক্তি সম্পন্ন করছি যে, নিয়োগ গ্রহণকারীকে তার দায়িত্ব পালনে জেলা স্কাউটস এর পক্ষ থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও ব্যক্তিগত উন্নয়নের সুযোগ এবং সাংগঠনিক প্রয়োজনীয় উপকরণ ও আর্থিক সহায়তা প্রদান করবো। কর্মের মূল্যায়ন শেষে যথাযথ স্বীকৃতিসহ মূল্যায়ন পরবর্তী প্রয়োজনীয় প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবো।

কার্যকর ভূমিকা রাখার জন্য পারস্পরিক সম্মতির ভিত্তিতে উপরিউক্ত অঙ্গীকার মোতাবেক উক্ত পদের নিয়োগ প্রদানে ও নিয়োগ গ্রহণে উভয়পক্ষ চুক্তিবদ্ধ হলাম।

| নিয়োগ প্রদানকারী | নিয়োগ গ্রহণকারী |
|---|---|
| **মোঃ হারুন-অর-রশীদ** | **এ এস এম মোকাররম হোসেন সরকার** |
| কমিশনার | জেলা স্কাউট লিডার |
| বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা | বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা |

***** *উপরিউক্ত নমুনা মোতাবেক চুক্তিপত্র করা স্কাউট আন্দোলনের সকল এডাল্ট লিডার নিয়োগের জন্য প্রযোজ্য।*

(নমুনা কপি)

পরিশিষ্ট -"ঙ"

# বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা

**জেলা স্কাউট ভবন, ময়মনসিংহ**

স্মারক নংঃ -------------------- তারিখ ঃ ৩০ জুলাই ২০১৬

## নিয়োগপত্র

স্কাউটার এ এস এম মোকাররম হোসেন সরকারকে বাংলাদেশ স্কাউটস ময়মনসিংহ জেলার জেলা স্কাউট লিডার হিসেবে জেলার স্কাউটিং কার্যক্রম পরিচালনা ও স্কাউটিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণের স্বার্থে আগামী ১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত সময়ের জন্য পারস্পরিক সমঝোতা চুক্তি মোতাবেক জেলা স্কাউট লিডার হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

স্কাউটিং কার্যক্রমে আপনার সার্বিক সাফল্য কামনা করি

**মোঃ হারুন-অর-রশীদ**
কমিশনার
বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা

*অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে -*

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল;

২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ জেলা

***** উপরিউক্ত নমুনা মোতাবেক নিয়োগপত্র প্রদান স্কাউট আন্দোলনের সকল এডাল্ট লিডার নিয়োগের জন্য প্রযোজ্য।***

পরিশিষ্ট -"চ"

# বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

## স্ব-মূল্যায়ন ফরম

(এডাল্ট রিসোর্সেস বিভাগ কর্তৃক জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে এডাল্ট লিডারগণের মূল্যায়নের জন্য প্রণীত)

| | |
|---|---|
| জাতীয় সদর দফতরের বিভাগ/অঞ্চলের নাম ঃ | |
| নাম ঃ | |
| পদবীঃ | |
| দায়িত্ব প্রাপ্তির তারিখ ঃ | |

০১. আপনার বিভাগের কোন কর্মপরিকল্পনা আছে কি ?

| | | | |
|---|---|---|---|
| হ্যাঁ | | না | |

০২. আপনার বিভাগের বিগত ছয় মাসের কর্মপরিকল্পনা সংক্ষেপে উল্লেখ করুন ঃ

| |
|---|
| ২.১ |
| ২.২ |
| ২.৩ |
| ২.৪ |
| ২.৫ |

০৩. বিগত ছয় মাসে আপনার বিভাগের কয়টি কর্মপরিকল্পনা বাস্তবায়িত হয়েছে?

| |
|---|
| |

০৪. বাস্তবায়িত কর্মপরিকল্পনার শতকরা হার কত? [ ]

০৫. বিগত ছয় মাসের কার্যক্রমে আপনার সম্পৃক্ততাঃ

সম্পূর্ণভাবে [ ] আংশিক [ ] মোটেই নয় [ ]

০৬. যদি কর্মপরিকল্পনা পুরোমাত্রায় সম্পন্ন না হয়ে থাকে তবে তার সম্ভাব্য কারণ কি?

| | | | |
|---|---|---|---|
| অভিজ্ঞতার অভাব | | সময়ের স্বল্পতা | |
| সংগঠনের সহযোগিতার অভাব | | | |
| বিভাগের অন্যদের সহযোগিতার অভাব | | | |
| আরো লজিস্টিক সাপোর্ট দরকার | | | |
| সাপোর্ট স্টাফের অভাব | | | |
| অবাস্তব কর্মপরিকল্পনা | | | |

০৭. কর্মপরিকল্পনা বাস্তবায়নে আপনার কি ধরনের সাপোর্ট দরকারঃ (একাধিক প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিতে পারেন)

| | | | |
|---|---|---|---|
| ট্রেনিং | | লজিস্টিক | |
| বইপত্র | | আর্থিক | |

০৮. আপনার বিভাগের বাজেট আছে কি?

| | | | |
|---|---|---|---|
| হ্যাঁ | | না | |

০৯. আপনার বিভাগের নিয়মিত অনানুষ্ঠানিক সভা হয় কি?

| হ্যাঁ | | না | |
|---|---|---|---|

১০. বিগত ছয় মাসে আপনার বিভাগের কয়টি আনুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়েছে?

| ......................টি |
|---|

১১. আপনার মূল দায়িত্ব ছাড়া আপনি স্কাউটিং কার্যক্রমে আর কি কি কাজে সম্পৃক্ত আছেন?

| |
|---|
| ১১.১ |
| ১১.২ |
| ১১.৩ |
| ১১.৪ |
| ১১.৫ |

১২. আপনার নির্দিষ্ট দায়িত্ব ছাড়া আপনি কি অন্য কোন কমিটির সাথে সম্পৃক্ত আছেন?

১২.১ উত্তর হ্যাঁ হলে কমিটি/কমিটিসমূহের নাম উল্লেখ করুন।

১৩. অন্যান্য কমিটির সভায় আপনি নিয়মিত উপস্থিত হন কি?

| হ্যাঁ | | না | | মাঝে মাঝে | |
|---|---|---|---|---|---|

১৪. স্কাউটিং এর জন্য আপনি সপ্তাহে কত ঘন্টা সময় দেন?

| ......................ঘণ্টা |
|---|

১৫. দায়িত্ব প্রাপ্তির পর বিগত ছয় মাসে আপনার দ্বারা সংঘঠিত উল্লেখযোগ্য তিনটি কাজের বিবরণ দিন।

| | |
|---|---|
| ১৫.১ | |
| ১৫.২ | |
| ১৫.৩ | |

১৬. বিগত ছয় মাসে আপনার স্কাউট কার্যক্রমে আপনি কতটা সন্তুষ্ট ?

| | | | |
|---|---|---|---|
| অনেকটা | | কিছুটা | |
| অসন্তুষ্ট | | কোনটাই না | |

১৭. দায়িত্ব প্রাপ্তির পর বিগত ছয় মাসে আপনি কোন ক্যাম্পে অংশগ্রহণ করেছেন কি?

| | | | |
|---|---|---|---|
| হ্যাঁ | | না | |

১৮. বিগত ছয় মাসে আপনি কোন সেমিনারে বা ওয়ার্কশপ এ অংশগ্রহণ করেছেন কি?

| | | | |
|---|---|---|---|
| হ্যাঁ | | না | |

১৯. বিগত ছয় মাসে আপনি অন্য কোন স্কাউট ইভেন্টে অংশগ্রহণ করেছেন কি?

| | | | |
|---|---|---|---|
| হ্যাঁ | | না | |

২০. এডাল্ট লিডার হিসেবে আপনার কি কি ট্রেনিং আছে? (একাধিক প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিতে পারেন)

| | | | |
|---|---|---|---|
| ওরিয়েন্টেশন কোর্স | | ইউনিট লিডার বেসিক কোর্স | |
| ইউনিট লিডার অ্যাডভান্স কোর্স | | ন্যাশনাল ট্রেনার্স কোর্স | |
| কোর্স ফর লিডার ট্রেনার্স | | কমিশনার্স কোর্স | |

২১. আপনার কোন ট্রেনিং না থাকলে আপনি কি ট্রেনিং কোর্সে অংশগ্রহণ করতে আগ্রহী

| হ্যাঁ | | না | |
|---|---|---|---|

২২. আপনি কোন স্কাউট গ্রুপের সাথে জড়িত কি?

| হ্যাঁ | | না | |
|---|---|---|---|

২৩. স্কাউটিং ব্যতীত আপনি অন্য কোন সামাজিক প্রতিষ্ঠানের সাথে জড়িত কি?

| হ্যাঁ | | না | |
|---|---|---|---|

২৪. আপনার বিগত ছয় মাসের কাজের মূল্যায়ন আপনি কিভাবে করবেন? (একাধিক প্রযোজ্য ঘরে টিক চিহ্ন দিতে পারেন)

| | | | |
|---|---|---|---|
| গুনগত মানের বিচারে | | সংখ্যার বিচারে | |
| সময়মত সম্পাদনের বিচারে | | | |

২৫. বিগত ছয় মাসে আপনার সামগ্রিক কর্মকাণ্ডের মূল্যায়ন সংখ্যামান কত বলে আপনি মনে করেন? (অনুগ্রহ করে নিচের সংখ্যামান স্কেলে প্রযোজ্য সংখ্যায় বৃত্ত চিহ্ন দিন।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০০ | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |

সর্বনিম্ন সর্বোচ্চ

.................................

স্বাক্ষর

নিয়োগকারীর মতামত ঃ

| |
|---|
| |